

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৪১.০০.০০.০০১.২০১৫-২৬৭

তারিখ: ০৪-১০-২০১৮ খ্রি:


বিষয়: এমএনসিএন্ডএইচ ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর আওতায় ইপিআই কার্যক্রমে ব্যবহারের জন্য "Auto Disable (AD) Syringe-0.05ml, 0.1ml, 0.5ml, 3ml & 5ml" সমূহ মেসার্স জেএমআই সিরিঞ্জেস এন্ড মেডিকেল ডিভাইসেস লিঃ হতে সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) অনুসরণে ক্রয়/সংগ্রহের লক্ষ্যে ক্রয় প্রস্তাব অনুমোদন

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশাসন/এডিএস-৩৬৫/২০১৮/১৬৪৭, তাং-০৩-১০-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ এর প্রস্তাব এবং দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক উক্ত ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর আওতায় ইপিআই কার্যক্রমে ব্যবহারের জন্য সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) "Auto Disable (AD) Syringe-0.05ml, 0.1ml, 0.5ml, 3ml & 5ml" সমূহ মেসার্স জেএমআই সিরিঞ্জেস এন্ড মেডিকেল ডিভাইসেস লিঃ হতে সর্বমোট ৩৪,৪০,৮০,৩০৪.৫২ (চৌত্রিশ কোটি চল্লিশ লক্ষ আশি হাজার তিনশত চার দশমিক পাঁচ দুই) টাকা দর প্রস্তাবের দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও ক্রয় প্রস্তাব নিম্নবর্ণিত শর্তে অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (১) নেগোসিয়েটেড প্রাইস এর মধ্যে সকল প্রকার ট্যাক্স অন্তর্ভুক্তির বিষয়টি টিইসি স্পষ্টীকরণ করবে;
- (২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮সহ প্রযোজ্য সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে;
- (৩) চুক্তি স্বাক্ষরের পূর্বে পিপিআর-২০০৮ এর বিধি ৭৫(৫) অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠান পারফরম্যান্স সিকিউরিটি হিসেবে চুক্তি মূল্যের ১০.০০% দাখিল করবে;
- (৪) অর্থ বিভাগের আদেশের সকল শর্ত প্রতিপালন করতে হবে;
- (৫) বিল/ভাউচার দাখিলপূর্বক আর্থিক ব্যয় মঞ্জুরী গ্রহণ করতে হবে।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
এমএনসিএন্ডএইচ  
স্বাস্থ্য অধিদপ্তর।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।